# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি প্রথম পত্র

বিষয় কোড: ১ ০ ৯

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১। রেখা এবং শিখা দুই বান্ধবী। কোনটি বাংলাদেশের জন্যে উত্তম অর্থব্যবস্থা তা নিয়ে তাদের মধ্যে আলোচনা হচ্ছিল।
রেখা: সরকার কোনো দ্রব্যেরই দাম নির্ধারণ করে দিবে না। চাহিদা ও যোগানের দ্বারা দ্রব্যের দাম নির্ধারিত হবে।
শিখা: সকল দ্রব্যের দাম নির্ধারণের বিষয়টি এভাবে ছেড়ে দিলে ভোক্তা ক্ষতিগ্রস্ত হবে। যেমন: যেসব দ্রব্যের উৎপাদন কম লাভজনক সেসব দ্রব্যের উৎপাদন কম হবে। সেজন্যে মুক্ত অর্থব্যবস্থার তুলনায় কিছুটা নিয়ন্ত্রিত অর্থব্যবস্থা অধিক উত্তম।

ক. পৃথিবীর বিভিন্ন দেশে কত প্রকার অর্থনৈতিক ব্যবস্থা প্রচলিত রয়েছে? ১
খ. মুক্তবাজার অর্থনীতি বলতে কী বোঝায়? ২
গ. শিখার ধারণার অর্থব্যবস্থায় দামব্যবস্থার ভূমিকা আলোচনা করো। ৩
ঘ. শিখা যে অর্থব্যবস্থা সমর্থন করছে তা কীভাবে রেখার সমর্থিত অর্থনৈতিক ব্যবস্থা থেকে উত্তম তা বাংলাদেশের প্রেক্ষাপটে বিশেষণ করো। ৪

২। বরিশাল শহরের সাহেদ আলী তার বাড়ির সদস্যদের জন্যে প্রতি কেজি ১০ টাকা ধরে ৫ কেজি, ৮ টাকা দরে ১০ কেজি এবং ৫ টাকা দরে ১৫ কেজি পেয়ারা ক্রয় করল। সে মনে মনে ভাবলো দাম কমলে আরও বেশি পেয়ারা কিনবেন।
সাহেদ আলীর প্রতিবেশী মুদি দোকানদার মোকবুল মিয়া প্রতি কেজি ২০ টাকা দরে ১৫ কেজি, ১৫ টাকা দরে ১০ কেজি এবং ১০ টাকা দরে ৫ কেজি পেঁয়াজ বিক্রি করে। তিনি সাহেদ আলীকে বলল, দাম বাড়লে সে বেশি করে পেঁয়াজ বিক্রি করবেন।

ক. মাথাপিছু আয় কাকে বলে? ১
খ. সম্পদের বৈশিষ্ট্য হিসেবে উপযোগ ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. সাহেদ আলীর পেয়ারা ক্রয় করার বিষয়টি অর্থনীতির কোন বিধিকে প্রতিফলিত করেছে তা সূচি তৈরি করে ব্যাখ্যা করো। ৩
ঘ. সাহেদ আলীর পেয়ারা ক্রয়ের সাথে মোকবুল মিয়ার পেয়ারা বিক্রি করার বিষয়টির কোনো সাদৃশ্যতা আছে কি? বিশ্লেষণ করো। ৪

৩। আরিফ এক একর জমিতে শ্রম ও মূলধন নিয়োগ বাবদ ব্যয় নির্দিষ্ট হারে বৃদ্ধির প্রেক্ষিতে মোট উৎপাদন বৃদ্ধির সম্পর্কটি নিম্নের সূচিতে দেয়া হলো:

| জমির পরিমাণ | শ্রম ও মূলধন নিয়োগ বাবদ ব্যয় | মোট উৎপাদন |
|---|---|---|
| ১ একর | ১০,০০০ | ১০০ মণ |
| ১ একর | ২০,০০০ | ১৫০ মণ |
| ১ একর | ৩০,০০০ | ১৭৫ মণ |
| ১ একর | ৪০,০০০ | ১৮৫ মণ |

ক. স্বল্পমেয়াদি উৎপাদন অপেক্ষক কাকে বলে? ১

http://teachingbd.com

খ. প্রতিক্ষেত্রে অতিরিক্ত একক উপকরণ নিয়োগ বৃদ্ধির প্রেক্ষিতে অতিরিক্ত উৎপাদন ৫ একক হারে পাওয়া গেলে তাকে কীরূপ মাত্রাগত উৎপাদন বলা যায়? ২

গ. সূচি হতে মোট উৎপাদন এবং প্রান্তিক উৎপাদন রেখা অঙ্কন করো। ৩

ঘ. সূচিতে প্রকাশিত উৎপাদন বিধিটি কোন কোন ক্ষেত্রে প্রযোজ্য হয়, মতামত ব্যক্ত করো। ৪

৪। 'X' দ্রব্য উৎপাদনের একমাত্র উৎপাদন ও যোগান প্রতিষ্ঠান হলো নিয়াজ ট্রেডার্স। দ্রব্যটির চাহিদা অনেক থাকায় ক্রেতার সংখ্যা অনেক। কিন্তু স্বল্পকালে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হলো এবং কিছুদিন উৎপাদন চালিয়ে অতঃপর উৎপাদন বন্ধ করে দিলো।

ক. অর্থনীতিতে বাজার কাকে বলে? ১

খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে AR ও MR রেখা কোন ভূমি অক্ষের সমান্তরাল এবং পরস্পর মিলে থাকে? ২

গ. উদ্দীপকে কোন বাজারকে ইঙ্গিত করেছে তার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রতিষ্ঠানটি ক্ষতি স্বীকার করে কতক্ষণ উৎপাদন চালিয়ে যাবে বা উৎপাদন বন্ধ করে দেবে বিশ্লেষণ করো। ৪

৫। কাপাসিয়া উপজেলার রাসেল লক্ষ করলেন, দেশে চারা গাছের চাহিদা বৃদ্ধি পেয়েছে। তাই সে একটি নার্সারি স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করলো। সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা নিয়ে নার্সারি স্থাপনের পদক্ষেপ গ্রহণ করলো। দেশের উন্নয়নে নার্সারি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং উৎপাদনে মূলধনের কার্যাবলি আরও অধিক গুরুত্বপূর্ণ। রাসেলের বিভিন্ন ধরনের মূলধনের প্রয়োজন, যা তার নিকট অপর্যাপ্ত।

ক. মূলধন কী? ১

খ. মূলধনের বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করো। ২

গ. রাসেলের নার্সারির জন্য কীসের প্রয়োজন, ব্যাখ্যা করো। ৩

ঘ. রাসেলের নার্সারিতে মূলধনের কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

৬। হামিদ মিয়া ফরিদপুর শহরের কানাইপুর গ্রামে ১০ কাঠা জমি কিনে এবং একক প্রচেষ্টায় একটি ময়দার মিল চালু করেন। কিন্তু প্রত্যাশিত মুনাফা অর্জিত না হওয়ায় প্রতিষ্ঠানটি বন্ধ করে দেন। কিন্তু তার বন্ধু ইয়াকুব মিয়া আরও ১০ জন ঘনিষ্ঠ বন্ধুকে নিয়ে যে ময়দার মিলটি চালু করেছেন তা সারাদেশে নামকরা ময়দার মিল হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে এবং চাহিদা থাকায় ময়দার মিলটি আরও সম্প্রসারণ করছেন।

ক. সংগঠকের প্রধান কাজ কী? ১

খ. যৌথ মূলধনী কারবারের একটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. হামিদ মিয়ার প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠানকে ইঙ্গিত করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. হামিদ মিয়ার প্রতিষ্ঠানটির সাথে ইয়াকুব মিয়ার প্রতিষ্ঠানটির তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৭। যশোরের আফলু মিয়ার ৫০টি খেজুর গাছ আছে। খেজুরের রস দিয়ে সে ১০০ কেজি গুড়ের পাটালি তৈরি করে এবং প্রতি কেজি ৮০ টাকা দামে বিক্রি করে। কিন্তু প্রতি কেজি পাটালি তৈরিতে খরচ হয় ৬০ টাকা। [পাইকগাছা কলেজ, খুলনা]


ক. উৎপাদন কী? ১

খ. উৎপাদন অপেক্ষকে ব্যবহৃত উপাদান কী কী? ২

গ. আফলু মিয়ার ১০০ কেজি গুড়ের পাটালির মোট আয়, গড় আয় ও প্রান্তিক আয় নির্ণয় করো এবং মন্তব্য করো। ৩

ঘ. আফলু মিয়ার গুড়ের পাটালির মোট খরচ, গড় খরচ ও প্রান্তিক খরচ নির্ণয় করো এবং মন্তব্য করো। ৪

৮। বাংলাদেশের ভারসাম্য জাতীয় আয় নিচের রেখাচিত্রের মাধ্যমে প্রকাশ করা হলো:




Teachingbd.com

ক. GDP কী? ১

খ. দেশের অভ্যন্তরে বিদেশি নাগরিকদের অবদান কোন হিসাবে অন্তর্ভুক্ত হবে? ২

গ. চিত্রে অপূর্ণ নিয়োগের ভারসাম্য জাতীয় আয় কোন বিন্দুতে নির্ধারিত হয়েছে? ৩

ঘ. AD থেকে AD′ এর মাধ্যমে অর্থনীতিতে কীরূপ ভারসাম্য অর্জিত হলো? ব্যাখ্যা করো। ৪

৯। মি. আল-আমিন কেন্দ্রীয় ব্যাংকের অধীনে একটা আর্থিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত করেছেন। এ প্রতিষ্ঠান কেন্দ্রীয় ব্যাংকের সকল নিয়ম-কানুন মেনে চলে ও কার্যক্রম পরিচালিত করে। আল-আমিনের আর্থিক প্রতিষ্ঠান ঋণদানের ক্ষেত্রে কোনো সমস্যায় পড়লে কেন্দ্রীয় ব্যাংক তা সমাধান করে। মি. আল-আমিন মনে করেন, কেন্দ্রীয় ব্যাংক রাষ্ট্রীয় মালিকানায় থাকা উচিত। কারণ কেন্দ্রীয় ব্যাংক সরকারের পক্ষে কাজ করে।

ক. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি কয়টি? ১

খ. বাংলাদেশ ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের পরিমাণগত বা সংখ্যাত্মক পদ্ধতিগুলো উল্লেখ করো। ২

গ. আল-আমিনের আর্থিক প্রতিষ্ঠানের ঋণ সমস্যা কেন্দ্রীয় ব্যাংক সমাধান করে কেন? বর্ণনা করো। ৩

ঘ. আল-আমিন কেন মনে করেন, কেন্দ্রীয় ব্যাংক রাষ্ট্রীয় মালিকানায় থাকা উচিত? তোমার মতামত দাও। ৪

## অর্থনীতি প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ১ ০ ৯

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **কী কারণে অর্থনৈতিক সমস্যার সৃষ্টি হয়?**
ক অধিক উৎপাদনে খ অসীম অভাব
গ সসীম অভাব ঘ সম্পদের স্বল্পতা

২. **কোনটি স্যামুয়েলসন নির্দেশিত অর্থনৈতিক সমস্যা নয়?**
ক কী উৎপাদন করা হবে?
খ কীভাবে উৎপাদন করা হবে
গ কার জন্য উৎপাদন করা হবে
ঘ সীমিত সম্পদের দক্ষ ব্যবহার হয় কী

৩. **স্বয়ংক্রিয় দাম ব্যবস্থার ভিত্তি কী?**
ক সম্পদের সুষ্ঠ ব্যবহার খ শ্রেণি সংঘাত
গ অবাধ প্রতিযোগিতা ঘ উদ্যোগের স্বাধীনতা

৪. **ধনতান্ত্রিক অর্থব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য হলো—**
i. চাহিদা ও যোগানের সমন্বয়ে দাম নির্ধারণ
ii. মুনাফা নয় বরং কল্যাণের ভিত্তিতে দাম নির্ধারণ
iii. উৎপাদনকারীর মধ্যে অবাধ প্রতিযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. **মিশ্র অর্থব্যবস্থা হলো—**
i. ধনতন্ত্রের ত্রুটি থেকে মুক্ত অর্থব্যবস্থা
ii. সমাজতন্ত্রের ত্রুটি থেকে মুক্ত অর্থব্যবস্থা
iii. ইসলামি অর্থব্যবস্থা ত্রুটি থেকে মুক্তি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬. **Micro শব্দের অর্থ কী?**
ক ক্ষুদ্র খ বৃহৎ গ ব্যষ্টিক ঘ সামষ্টিক

৭. **ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধিটিকে কে 'Gossen's First Law' বলেছেন?**
ক জেভন্স খ মার্শাল
গ অ্যালেন ঘ গিলবার্ট

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব তাহের সাহেব বলপেন কেনার জন্য বাজারে গেলেন। যখন বলপেনের দাম ৫ টাকা হয় তখন ২টি বলপেন ক্রয় করেন। দাম কমে ৪ টাকা হলে ৩টি বলপেন এবং দাম আরও কমে ৩ টাকা হলে ৫টি বলপেন ক্রয় করেন।

৮. **জনাব তাহের সাহেবের বলপেন ক্রয়ের সাথে দাম ও চাহিদার সম্পর্ক কী?**
ক সমমুখী সম্পর্ক খ বিপরীতমুখী সম্পর্ক
গ সমান্তরাল সম্পর্ক ঘ একমুখী সম্পর্ক

৯. **জনাব তাহের সাহেবের বলপেন ক্রয়ের ক্ষেত্রে উক্ত সম্পর্কের ব্যাখ্যা হলো—**
i. দ্রব্যের দাম বাড়লে চাহিদা কমে
ii. দ্রব্যের দাম কমলে চাহিদা কমে
iii. দ্রব্যের দাম কমলে চাহিদা বাড়ে
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১০. **চাহিদা বিধির বহিঃপ্রকাশ হলো—**
i. চাহিদা সূচি
ii. চাহিদার ব্যতিক্রম
iii. চাহিদা রেখা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১. **কোন রেখার ঢাল বেশি?**
ক যে রেখা যত বেশি খাড়া
খ যে রেখা যত বেশি হেলানো
গ যে রেখা ভূমির সমান্তরাল
ঘ বামদিকে নিম্নগামী রেখা

১২. **$Q_s = 100 + 0.5P$ এটি কোন অপেক্ষক?**
ক উৎপাদন খ উপযোগ
গ চাহিদা ঘ যোগান

১৩. **উৎপাদন বলতে কী বোঝায়?**
ক আয় সৃষ্টি খ উপকরণ ব্যবহার
গ নতুন দ্রব্য সৃষ্টি ঘ নতুন উপযোগ সৃষ্টি

১৪. **গোয়ালন্দের ইলিশ রংপুরে নিয়ে গেলে কী উপযোগ সৃষ্টি হয়?**
ক রূপগত উপযোগ খ সময়গত উপযোগ
গ স্থানগত উপযোগ ঘ স্বত্বগত উপযোগ

১৫. **যন্ত্রপাতি, কাঁচামাল উৎপাদনের কোন উপকরণ?**
ক শ্রম খ মূলধন গ ভূমি ঘ সংগঠন

১৬. **কোনটিকে মোট আয় বোঝায়?**
ক $P \times Q$ খ $\frac{TR}{Q}$
গ $\frac{\Delta TR}{\Delta Q}$ ঘ TFC + TVC

১৭. **অর্থনীতিবিদ কুর্নট কোন দেশের অধিবাসী?**
ক রাশিয়া খ আমেরিকা
গ জার্মান ঘ ফ্রান্স

১৮. **যে অলিগোপলি বাজারে নতুন প্রতিযোগী ফার্ম সহজেই প্রবেশ করতে পারে তাকে কোন বাজার বলে?**
ক খোলা অলিগোপলি
খ বন্ধ অলিগোপলি
গ আংশিক অলিগোপলি
ঘ পৃথকীকৃত অলিগোপলি

১৯. **বিজ্ঞাপন খরচ দেখা যায়—**
i. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার
ii. একচেটিয়া বাজার
iii. একচেটিয়ামূলক বাজার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. **অস্বাভাবিক মুনাফা অর্জনের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?**
ক $P = AC$ খ $P > AC$
গ $AC > P > AVC$ ঘ $MR = MC$

২১. **অলিগোপলি বাজারে দাম কেমন থাকে?**
ক নমনীয় খ অনমনীয়
গ একদাম ঘ দর কষাকষি

Teachingbd.com

২২. শ্রমের মজুরি নির্ধারিত হয় কীভাবে?
ⓚ শ্রমের চাহিদা = শ্রমের যোগান
ⓚ শ্রমের চাহিদা > শ্রমের যোগান
ⓖ শ্রমের চাহিদা ≥ শ্রমের যোগান
ⓖ শ্রমের চাহিদা < শ্রমের যোগান

২৩. শ্রমের মজুরি নির্ধারিত হয় কীভাবে?
ⓚ শ্রমের চাহিদা= শ্রমের যোগান
ⓚ শ্রমের চাহিদা< শ্রমের যোগান
ⓖ শ্রমের চাহিদা > শ্রমের মর্যাদা
ⓖ শ্রমের যোগান ≥ শ্রমের চাহিদা

২৪. কোন পেশায় মানসিক শ্রম বেশি?
ⓚ মুটে পেশা ⓚ কৃষি পেশা
ⓖ শ্রমিক পেশা ⓖ শিক্ষক পেশা

২৫. আধুনিক কালে কোনটি অধিক উৎপাদন সহায়তা করে? (জ্ঞান)
ⓚ কাঁচামাল ⓚ যন্ত্রপাতি
ⓖ মূলধন ⓖ শেয়ার

২৬. মূলধনের অসুবিধা হলো—
i. মূলধন দুষ্প্রাপ্য হয়ে ওঠে
ii. উৎপাদন কার্য গতিহীন হয়
iii. মূলধন ক্ষণস্থায়ী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৭. মূলধন গঠন নির্ভর করে—
i. সঞ্চয়ের সামর্থ্য
ii. সঞ্চয়ের ইচ্ছা
iii. ভোগ বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৮. অংশীদার হতে হলে প্রযোজ্য—
i. সকল অংশীদারকে অর্থ সরবরাহ করতে হবে
ii. মূলধন সরবরাহ ছাড়াও অংশীদার হওয়া যায়
iii. সাবালক ও সুস্থ ব্যক্তি হতে হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৯. প্রাইভেট লিমিটেড কোম্পানির সদস্য সংখ্যা কত জন?
ⓚ ২-৫০ জন ⓚ ৭-১০০ জন
ⓖ ২-১০০ জন ⓖ ৭ জন হতে অসংখ্য

৩০. কোনটি শেয়ার অবাধে হস্তান্তর করতে পারে? [নটর ডেম কলেজ, ঢাকা]
ⓚ প্রাইভেট লিমিটেড কোম্পানি
ⓚ পাবলিক লিমিটেড কোম্পানি
ⓖ অংশীদারি কারবারী
ⓖ শেয়ার বাজার

৩১. একজন ব্যক্তির মোট খাজনা ১০০ টাকা, এর মধ্যে মজুরি ২০, সুদ ২০, কর ২০ এবং মুনাফা ২০ টাকা থাকে, তবে নিট খাজনা কত?
ⓚ ২০ টাকা ⓚ ৪০ টাকা
ⓖ ৬০ টাকা ⓖ ১০০ টাকা

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৩২ ও ৩৩নং প্রশ্নের উত্তর দাও:
ঢাকার অদূরে এলাকায় ফেন্টাসি কিংডস, নন্দন পার্ক প্রভৃতি বিনোদন স্পট গড়ে ওঠেছে। এছাড়াও এখানে বহু উন্নত স্থাপনা নির্মিত হচ্ছে। ফলে এলাকার জনগণের অতিরিক্ত আয়ের সুযোগ হয়েছে।

৩২. সাভারের জনগণের যে অতিরিক্ত আয় সৃষ্টি হয়েছে সেটি কোনটি?
ⓚ মোট আয় ⓚ উদ্বৃত্ত আয়
ⓖ উন্নয়ন আয় ⓖ অনুপার্জিত আয়

৩৩. সাভার এলাকার অতিরিক্ত আয় সৃষ্টির কারণ হলো—
i. নতুন নতুন বিনিয়োগ
ii. এলাকার উন্নত অবকাঠামো
iii. এলাকায় বেকার সংখ্যা বেশি থাকায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩৪. সাভারের মোমিন আবুধাবির একটি কোম্পানিতে চাকরি করেন। তার এদেশের জাতীয় আয়ের নিম্নোক্ত কোন ক্ষেত্রে যোগ হবে?
ⓚ জিডিপি ⓚ এনএনপি
ⓖ জিএনপি ⓖ এনআই

৩৫. স্বয়ম্ভূত ভোগ কোন কালে বজায় থাকে?
ⓚ দীর্ঘকালে ⓚ মধ্যম কালে
ⓖ স্বল্পকালে ⓖ অতি স্বল্পকালে

৩৬. ভারসাম্য জাতীয় আয় নির্ধারিত হয়—
i. সামগ্রিক আয় সমান হলে
ii. সামগ্রিক ব্যয় সমান হলে
iii. আয় ও ব্যয় বেশি হলে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৭. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—
i. জনগণের অর্থের নিরাপত্তা বিধানের মাধ্যমে
ii. অর্থলগ্নীর মাধ্যমে
iii. অনলাইন সেবাদানের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৮. কোনটি কেন্দ্রীয় ব্যাংকের নীতির ওপর নির্ভরশীল?
ⓚ অর্থের যোগান ⓚ ঋণ দান
ⓖ ডলার আমদানি ⓖ শেয়ার ক্রয়-বিক্রয়

৩৯. ATM কী?
ⓚ Always Time Meachine
ⓚ Actule Teller Meachine
ⓖ Automated Teller Meachine
ⓖ Always Teller Meachine

৪০. পূর্ণ প্রতিযোগিতার বাজারে AR ও MR রেখা কোন দিকে গমন করে?
ⓚ ডানদিকে ঊর্ধ্বগামী
ⓚ ডানদিকে ভূমি অক্ষে সমান্তরাল
ⓖ বামদিকে নিম্নগামী
ⓖ লম্ব অক্ষে সমান্তরাল

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ঘ |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com